



উন্নয়ন বাধাগ্রস্ত করার চেষ্টা হলে জনগণকে সঙ্গে নিয়ে প্রতিরোধ: প্রধানমন্ত্রী



টাঙ্গাইলে প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

স্বৈরাচার বিদায় নিলেও তার প্রভাব ও মানসিকতা পুরোপুরি শেষ হয়নি বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বিএনপির খাল খনন, ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও খেলাধুলা উন্নয়নসহ বিভিন্ন জনকল্যাণমূলক কর্মসূচি কেউ বাধাগ্রস্ত করার চেষ্টা করলে, জনগণকে সঙ্গে নিয়ে তা প্রতিহত করা হবে। তিনি আরও বলেন, সমাজে অস্থিরতা তৈরি ও পুরোনো ধরনের শাসনব্যবস্থার ছায়া ফিরিয়ে আনার চেষ্টা চলছে কি না, তা সবাইকে সতর্কভাবে পর্যবেক্ষণ করতে হবে। উন্নয়ন ও জনসম্পৃক্ত উদ্যোগ এগিয়ে নিতে হলে ঐক্যবদ্ধ থাকা জরুরি বলেও তিনি উল্লেখ করেন।

মঙ্গলবার বিকেলে টাঙ্গাইলের সন্তোষে মওলানা ভাসানীর মাজার জিয়ারত শেষে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। সেখানে তিনি জানান, ড. ইউনুসের আহবানে বিএনপি প্রথম দিকেই জুলাই সনদে স্বাক্ষর করেছে এবং সেই সনদের প্রতিটি প্রতিশ্রুতি বাস্তবায়নে তারা অঙ্গীকারবদ্ধ। এর আগে দুপুরে অনলাইনে যুক্ত হয়ে তিনি শহীদ মারুফ স্টেডিয়ামে কৃষক কার্ড বিতরণ ও প্রি-পাইলটিং কার্যক্রমের উদ্বোধন করেন এবং কয়েকজন কৃষকের হাতে কার্ড তুলে দেন। পরে পৌর উদ্যানে কৃষি মেলায় উদ্বোধনও করেন তিনি। অনুষ্ঠানে বিভিন্ন মন্ত্রী, উপদেষ্টা ও বিএনপি নেতারা উপস্থিত ছিলেন।